

Times Today BD

রিসালাত আলিফ | ক্যাম্পাস | 03 May, 2025

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকুবি) ছেলেদের ৫টি আবাসিক হলের মিলনস্থলে অবস্থিত লেকে দৃষ্টিনন্দন ঘাট 'ভাত্তের মোহনা'র উদ্বোধন করা হয়েছে।

শনিবার (৩ মে) সকালে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ. কে ফজলুল হক ভুঁইয়া ওই ঘাটটির উদ্বোধন করেন।

এসময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মো. রফিকুল ইসলাম সরদারের সভাপতিত্বে আরো উপস্থিত ছিলেন ছাত্র বিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. মো. শহীদুল হক, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মো. আসাদুজ্জামান সরকার, পরিকল্পনা ও উন্নয়ন শাখার পরিচালক অধ্যাপক ড. মো. মোশাররফ উদ্দীন ভূঁগসহ শিক্ষক-কর্মকর্তা এবং বিভিন্ন হলের শিক্ষার্থীরা।

বাকুবির ছাত্র বিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. মো. শহীদুল হক বলেন, 'ঘাটটির জন্য অবশ্যই শিক্ষার্থীরা সুফলভোগী হবে। ঘাটটি অত্যন্ত দৃষ্টিনন্দন এবং শিক্ষার্থীরা এখন সহজেই এখানে সাঁতার কাটতে পারবে। তাছাড়া পানিতে বিভিন্ন প্রতিযোগিতার আয়োজনও ভবিষ্যতে করা হবে। পুকুরের পানি দূষণমুক্ত রাখতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ব্যবস্থা গ্রহণের আহ্বান জানাই, যাতে শিক্ষার্থীরা নির্দিষ্টায় এখানে সাঁতার কাটতে পারে।'

এ বিষয়ে বাকুবির উপাচার্য অধ্যাপক ড. এ. কে ফজলুল হক ভুঁইয়া বলেন, 'আমি যখন শহীদ শামসুল হক হলের শিক্ষার্থী ছিলাম তখন এই পুকুরে গোসল করতে নামতাম। তখন এখানে ঘাট ছিলো না ফলে পুকুরে নামতে অনেক বেগ পেতে হতো, অনেক চিন্তা ভাবনা করে নামতে হতো। এসব বিবেচনা রেখে সকলের সম্মিলিত প্রচেষ্টায় ঘাটটি করা হয়েছে।'

ঘাটটির নামকরণ প্রসঙ্গে উপাচার্য বলেন, 'শিক্ষার্থীরা ঘাটে বসে অবসর সময় কাটাতে পারবে, সাঁতার কাটতে সহজেই পুকুরে নামতে পারবে, বলতে গেলে ঘাটটি হবে শিক্ষার্থীদের জন্য একটি সম্মেলনস্থল। যেহেতু ঘাটটি হবে এক ভাত্তের মিলনস্থল, সেজন্য ঘাটটির নাম আমরা দিয়েছি 'ভাত্তের মোহনা'।'

এ সময় আশরাফুল হক হলের শিক্ষার্থী মিরাজ বলেন, 'ঘাটটি আমাদের জন্য সত্যিই দারুণ এক সংযোজন। আগে লেকে নামতে বেশ কষ্ট হতো, অনেক সময় পিছলে পড়ে যাওয়ার ভয়ও থাকতো। এখন ঘাট থাকায় সহজেই সাঁতার কাটতে পারা যাবে। আমরা সত্যিই কৃতজ্ঞ বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে।'

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:34

URL: <https://www.timestodaybd.com/campus/7758071824>